উপজেলা পরিষদ

মৌলভীবাজার সদর

জেলা ঃ মৌলভীবাজার ।

বার্ষিক বাজেট
২০২০-২০২১

২০ মে’ ২০২০খ্রি.

বাজেট

আজকের উপজেলা পরিষদের সুচনালগ্নে খুঁজতে গেলে ষাট দশকের থানা পরিষদ প্রতিষ্ঠার কথা ভাবতে হয়। তবে থানা পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানটি প্রাতিষ্ঠানিক রূপ লাভ করে ১৯৮২ সালে মান উন্নীত থানা ও পরে উপজেলা পরিষদ প্রতিষ্ঠার মাধ্যমে। আবার ১৯৯১ সালের নভেম্বরে উপজেলা পরিষদের বিলুপ্তি ঘটে এবং তদস্থলে ১৯৯৩ সালে একটি নির্বাহী আদেশে থানা উন্নয়ন সমন্বয় কমিটি গঠন করেন। এই বিবর্তনের ধারাবাহিকতায় সংসদে আইনের দ্বারা বলবৎ হয়ে বর্তমান ৫ম উপজেলা পরিষদ জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচনের মাধ্যমে আত্মপ্রকাশ করে দুই বছর অতিক্রান্ত হয়।

উপজেলা পরিষদ আইন অনুযায়ী পরিষদকে ১৮টি উন্নয়ন মূলক কাজের দায়িত্ব দেয়া হয়েছে। কেন্দ্রীয় সরকারের ১২টি মন্ত্রণালয়ের ১৭ বিভাগের উপজেলা পর্যায়ের কর্মের তালিকা উপজেলা পরিষদ হস্তান্তরিত বলে ঘোষিত হয়েছে। পরিষদের সার্বিক কার্যক্রম নির্বাহের জন্য বার্ষিক থোক বরাদ্দ ছাড়াও উপজেলা পরিষদ আইনের ৪র্থ তফসিলে ৮টি উৎস হতে কর, রেট, ফি ইত্যাদি আরোপ ও আদায়ের ক্ষমতা দেয়া হয়েছে।

উপজেলা পরিষদ প্রতিষ্ঠার লক্ষ্য খুঁজতে গেলে আমরা স্পষ্টতই বুঝতে পারি যে, রাষ্ট্রের পক্ষ থেকে জনগণকে যে সেবা দেয়ার দায়িত্ব রয়েছে তা সহজে ও বিনা প্রতিবন্ধকতায় পৌঁছে দেয়াই হল তার মূল কাজ। সেবার পরিধির মধ্যে জনগণের স্বাস্থ্য, শিক্ষা, অবকাঠামো উন্নয়ন, কর্মসংস্থানের ব্যবস্থা করে অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে তার জীবন মানের উন্নয়নসহ অনেক বিষয় অন্তর্ভূক্ত আছে। এক কথায় জনগণের অংশগ্রহণের তৃণমূল পর্যায়ে গণতন্ত্রকে সমুন্নত রেখে সরকারি -বেসরকারি অন্যান্য সেবাদান প্রতিষ্ঠানগুলির সঙ্গে সমন্বয় ঘটিয়ে জনগণের 'সার্বিক উন্নয়ন' ঘটানোই উপজেলা পরিষদ সৃষ্টির মূল লক্ষ্য।

উপরোক্ত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য বাজেট একটি কর্মকৌশল। জাতীয় সরকারের ন্যায় প্রত্যেক প্রতিষ্ঠানের বাজেট থাকে। প্রতিষ্ঠানের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব সম্বলিত বিবরণী তাতে অন্তভূর্ক্ত থাকে। ২০ জুন ২০১০ খ্রি. উপজেলা পরিষদ বাজেট বিধিমালা ২০১০ জারী হয়। এই নির্দেশের প্রেক্ষিতে এবং উপজেলা জনগণের সার্বিক উন্নয়নের লক্ষ্য অর্জনের অংশ হিসাবে আজ ২০ মে, ২০২০ খ্রি. উপজেলা পরিষদের আজকের উন্মুক্ত বাজেট সভায় আমি উপজেলা পরিষদের বাজেট উপস্থাপন করছি।

বিগত বছর অর্থাৎ ২০১৮- ১৯ অর্থবছরে আমরা ১। যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন ২। কৃষি ও সেচ ৩। শিল্প ও কুটির শিল্প ৪। শিক্ষা ৫। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ৬। ক্রীড়া উন্নয়ন ৭। সংস্কৃতির বিকাশ ৮। সমাজ কল্যাণমূলক কাজ প্রভৃতির ক্ষেত্রে আমাদের ক্ষুদ্র পরিসরে কিছুটা কাজ করার প্রয়াস পেয়েছি কিন্তু উপরোক্ত ক্ষেত্রেও যে ১৮টি কাজের দায়িত্ব উপজেলা পরিষদে ন্যস্ত আছে - সেই ক্ষেত্রগুলিতেও এককভাবে কাজ করার সুযোগ আমাদের নেই। সরকারের বিভিন্ন বিভাগ উপজেলা পর্যায়ে উপরোক্ত ক্ষেত্রগুলিতেও উপজেলা পরিষদের অবগতির বাইরে আলাদাভাবে কাজ করে চলেছে। উপজেলা পর্যায়ে উন্নয়ন কাজের সমন্বয় ঘটিয়ে উপজেলা পরিষদের নেতৃত্বে কাজ করার সুযোগ করে দিলে জনগণের উন্নয়ন ও কল্যাণে রাষ্ট্রের ভূমিকা আরও সুশৃঙ্খল হত সেবা ও উন্নয়নমূলক কাজে গতি আসত এবং প্রকল্প গ্রহণে ওভার ল্যাপিং এড়ানো যেত।

সেবা ও উন্নয়নমূলক কাজে আমাদের সম্পূর্ণই কেন্দ্রীয় সরকার থেকে প্রাপ্ত 'থোক বরাদ্দের' উপর নির্ভর করতে হয়। কেননা আমাদের উপজেলার রাজস্ব আয় অত্যন্ত সীমিত। বিগত বছর অর্থাৎ ২০১৯-২০ সালে আমরা প্রায় ৮৮লক্ষ ২৪ হাজার টাকা থোক বরাদ্দ হিসাবে পাই। আগামী অর্থ বছরে আমরা আরও অধিক বরাদ্দ পাওয়ার আশা রাখি। আমাদের এখানকার মানুষ ফসলি জমির উপর নির্ভরশীল। এখানকার যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন এখনও কাঙ্খিত পর্যায়ে পৌঁছেনি। এ উপজেলায় তেমন কোন শিল্পকারখানা গড়ে ওঠেনি। ফলে কৃষিই এখানকার মানুষের প্রধান অবলম্বন। তাই আগামী অর্থ বছরে আমাদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কৃষি কৃষকের স্বাস্থ্য ও শিক্ষাকে প্রাধান্য দিয়ে আমাদের অগ্রাধিকার প্রকল্প প্রস্তুত করতে হবে।

মৌলভীবাজার সদর উপজেলা পরিষদ উপজেলার জনগণের সেবা ও উন্নয়নের লক্ষ্যে আরও অধিক কাজ করার প্রত্যয়ে উপজেলা রাজস্ব তহবিল বৃদ্ধির নতুন নতুন পথ উদ্ভাবনের প্রচেষ্টা চালাবে। আমরা আশা করব আমাদের কাজ করার সুযোগ দানের জন্য সরকার আমাদের থোক বরাদ্দের পরিমাণ বাড়াবে। আমরা সবাই মিলে স্বাস্থ্য বিধি মেনে কোভিড-১৯ এর প্রাদুর্ভাব হতে মুক্ত থেকে আগামী আর্থিক সনে আমাদের উপজেলাবাসীকে আরও বেশি বেশি করে সেবা প্রদানের আন্তরিকভাবে কাজ করব এই প্রতিশ্রুতি ও প্রত্যাশা ব্যক্ত করে আমি এখন বাজেটের আয়-ব্যয় সম্বলিত হিসাব বিবরণী পাঠ করছি।

উপজেলা পরিষদ কার্যালয়
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।
ফরম ক
(বিধি-৩ দ্রষ্টব্য)
২০২০-২০২১ অর্থ বছরে বাজেট সার-সংক্ষেপ

বিবরণ		পূর্ববর্তী বৎসরের প্রকৃত ২০১৮-২০১৯	চলতি বৎসরের বাজেট বা চলতি বৎসরের সংশোধিত বাজেট ২০১৯-২০২০	পরবর্তী বৎসরে বাজেট ২০২০-২০২১
অংশ-১	রাজস্ব হিসাব প্রাপ্তি রাজস্ব অনুদান	২,০৯,০৩,৮২০/-	২,০০,১১,০৪২/-	২,২৬,৩৫,০০০/-
	মোট প্রাপ্তি	২,০৯,০৩,৮২০/-	২,০০,১১,০৪২/-	২,২৬,৩৫,০০০/-
	বাদ রাজস্ব ব্যয়	৩৪,৫৯,৪২৩/-	৫২,৯৫,২১৬/-	১,৫৭,১২,১২০/-
	রাজস্ব উদ্বৃত্ত (ক)	১,৭৪,৪৪,৩৯৭/-	১,৪৭,১৫,৮২৬/-	৬৯,২২,৮৮০/-
অংশ-২	উন্নয়ন হিসাব উন্নয়ন অনুদান	৮০,২৮,০০০/-	৮৮,২৪,০০০/-	১,০০,০০,০০০/-
	অন্যান্য অনুদান ও চাঁদা	১,৪১,০২,০০০/-	১,৭৫,০০,০০০/-	৬২,০০,০০০/-
	মোট (খ)	২,২১,৩০,০০০/-	২,৬৩,২৪,০০০/-	১,৬২,০০,০০০/-
	মোট প্রাপ্ত সম্পদ (ক+খ)	৩,৯৫,৭৪,৩৯৭/-	৪,১০,৩৯,৮২৬/-	১,৬৯,২২,৮৮০/-
	বাদ উন্নয়ন ব্যয়	২,২১,৩০,০০০/-	২,৫৮,২৪,২২০/-	৭,২২,৮৮০/-
অংশ-৩	সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি	১,৭৪,৪৪,৩৯৭/-	১,৫২,১৫,৬০৬/-	
	যোগ প্রারম্ভিক জের (১ জুলাই)			
	সমাপ্তি জের			
অংশ-৪	জাইকার অর্থায়নে ইউজিডিপি প্রকল্পের আওতায় আর্থিক সক্ষমতা ও অবকাঠামো উন্নয়ন খাতে প্রাপ্তি।	৫০,০০,০০০/-	৫০,০০,০০০/-	১,০০,০০,০০০/-

(শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(মোঃ কামাল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(বিধি-৩ এবং আইনের ৪র্থ তফসীল দ্রষ্টব্য)
উপজেলা পরিষদের বার্ষিক বাজেট ২০২০-২০২১
অংশ ঃ ১ রাজস্ব হিসাব (আয়)

আয়			
প্রাপ্তির বিবরণ	পূববর্তী বৎসরের প্রকৃত ২০১৮-২০১৯	চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট ২০১৯-২০২০	পরবর্তী বৎসরের বাজেট ২০২০-২০২১
১	২	৩	৪
১. উপজেলা পরিষদের বাসা বাড়ী খাত হতে প্রাপ্ত আয়	৫,১৪,০৭৫/-	১৬,৬৩,২৯৯/-	৮,৫০,০০০/-
২. উপজেলা পরিষদের হাট-বাজার খাত হতে আয়ের ৪১% অর্থ রাজস্ব প্রাপ্তি	৩০,৯২,৭২৬/-	৩০,৫২,২০২/-	৩২,৪৫,০০০/-
৩. ভূমি উন্নয়ন করের হিস্যা	১,৪০,২০৮/-	৮,৪৩,৪০৫/-	৮,৫০,০০০/-
৪. স্থাবর সম্পত্তি হস্তান্তর কর বাবদ আয়	১,৭০,৭৫,৩১১/-	১,৪২,৭৪,৬৩৬/-	১,৭৫,০০,০০০/-
৫. ঠিকাদারী লাইসেন্স ইস্যু ও নবায়ন হতে আয়	৭৪,০০০/-	১,৬৯,০০০/-	১,৭০,০০০/-
৬. বিবিধ আয়	৭,৫০০/-	৮,৫০০/-	২০,০০০/-
মোট রাজস্ব আয়	২,০৯,০৩,৮২০/-	২,০০,১১,০৪২/-	২,২৬,৩৫,০০০/-

(শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(মোঃ কামাল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(বিধি-৩ এবং আইনের ৪র্থ তফসীল দ্রষ্টব্য)
উপজেলা পরিষদের বার্ষিক বাজেট ২০২০-২০২১
অংশ ঃ ১ রাজস্ব হিসাব ব্যয়

ব্যয়ের খাত	২০১৮-১৯ অর্থ বৎসরের প্রকৃত ব্যয়	২০১৯-২০ অর্থ বৎসরের সংশোধিত বাজেট	২০২০-২০২১ অর্থ বৎসরের বাজেট প্রাক্কলন
১	২	৩	৪
১। সাধারণ সংস্থাপন /প্রাতিষ্ঠানিক	-		
ক) সম্মানী/ভাতা (চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান)	১১,২৮,০০০/-	১১,৮৮,০০০/-	১১,৮৮,০০০/-
খ) ভ্রমণ ব্যয় (চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান)	১,১৩.৭৫০/-	২,৬২,৫০০/-	৩,৫০,০০০/-
গ) চেয়ারম্যানের বাড়ি ভাড়া	৬০,০০০/-	৬০,০০০/-	৬০,০০০/-
ঘ) কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা			
(৫) পরিষদ কর্মচারী	৬,৫৬,১০০/-	৬,৫৮,৮০০/-	৬,৫৮,৮০০/-
(৬) দায়মুক্ত ব্যয় (সরকারী কর্মচারি সম্পর্কিত)	-	-	-
২। অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয়	-	-	-
ক) আনুতোষিক তহবিলে স্থানান্তর	-	-	-
৩। যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষন/রুট ট্যাক্স/চাকা ক্রয়/ফিটনেস	১,৯২,১৪৮/-	৮০,২৭৯/-	১,১০,০০০/-
৪। কর আদায়ের জন্য	-	-	-
৫। অন্যান্য (সয়েল ইনভেষ্টিগেশন রিপোর্ট)	-	৬৫,০০০/-	-
ক. টেলিফোন বিল পরিশোধ	১৫,৩৯১/-	৪,৭১৩/-	২০,০০০/-
খ. বিদ্যুৎ বিল পরিশোধ	৫৪,০৫৭/-	১,৬০,২৩৪/-	২,০০,০০০/-
গ. পৌর কর পরিশোধ	১,১২,৩০০/-	১,১২,৩০০/-	১,৫০,০০০/-
ঘ. গ্যাস বিল	--	-	-
ঙ. পানির বিল	-	-	-
চ. ভূমি উন্নয়ন কর	১৭,৮২০/-	১৭,৮২০/-	১৭,৮২০/-
ছ. অভ্যন্তরীণ অডিট ব্যয়	-	-	২০,০০০/-
জ. মামলা খরচ	-	-	৩০,০০০/-
ঝ. আপ্যায়ন ব্যয়	২,৪০,০০০/-	২,৬০,০০০/-	৩,৬০,০০০/-
ট. অন্যান্য পরিশোধযোগ্য কর/বিল	-	-	১০,০০০/-
ঠ. আনুষাঙ্গিক ব্যয়	৪৮,০০০/-	৪৮,০০০/-	৮০,০০০/-
(১) পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামেত/সংরক্ষণ	২,৯৩,৬৭৭/-	৯,৯২,৬০০/-	৯৬,০০,০০০/-
(১৬) উপজেলা পরিষদের নিরাপত্তা রক্ষার্থে ব্যয়	৬.৯০০/-	১৪,৫০০/-	১,০০,০০০/-
(১৭)আসবাবপত্র ক্রয়, সংগ্রহ/মেরামত	১,৯৯,৪২৩/-	৩,৫০,০০০/-	৩,৫০,০০০/
(১৮) অফিস সরঞ্জাম রক্ষণাবেক্ষণ ও মেরামত	-	-	৫০,০০০/-
(১৯)পানির পাম্প ক্রয় রক্ষণাবেক্ষণ ও মেরামত	১৬,৭৯৫/-	২১,৮৫০/-	১,০০,০০০/-
(২০) অফিস সরঞ্জাম ক্রয়	৩,৬৫০/-	২,৪৮৩/-	৩,০০,০০০/-
(২১)সৌর প্যানেল স্থাপন ও রক্ষণাবেক্ষণ	-	-	৫,১০,০০০/-
(২২) ইন্টারনেট বিল পরিশোধ	-	১১,০০০/-	১২,০০০/-
৬। কর আদায় খরচ (বিভিন্ন রেজিস্টার, ফরম, রশিদ, বই ইত্যাদি মুদ্রণ)	-	-	১০,০০০/-
৭। বৃক্ষরোপন ও রক্ষণাবেক্ষণ	-	-	-
৮। সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠানে অনুদান	-	-	-
ক.উপজেলা এলাকার বিভিন্ন প্রতিষ্ঠান/ক্লাব এ আর্থিক অনুদান	-	-	-
৯। জাতীয় দিবস উদ্‌যাপন	১,০০,০০০/-	১,০০,০০০/-	১,৫০,০০০/-

১০। খেলাধূলা ও সংস্কৃতি	৪৫,০০০/-	১০,০০০/-	১,০০,০০০/-
১১। জরুরী ত্রাণ/অপ্রত্যাশিত খাতে ব্যয়	-	৫,০০,০০০/-	৫,০০,০০০/-
১২। গরীব ও মেধবী ছাত্র ছাত্রীদের বৃত্তি প্রদান	-	-	-
১৩। বিজ্ঞাপন ব্যয়	৩,৩১২/-	১,৬৮,৫২১/-	২,৫০,০০০/-
১৪। মানবসম্পদ উন্নয়নের জন্য প্রশিক্ষণ		-	-
১৫। সামাজিক ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান/উপজেলা স্কাউটকে প্রদত্ত		-	-
১৬। উন্নয়ন মেলা	১,৫০,০০০/-	-	২,০০,০০০/-
১৭। মশক নিধন ও পরিচ্ছন্নতা	-	১,৭৬,৬১৬/-	২,০০,০০০/-
১৮। ইউডিসি এর যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামত	-	-	-
১৯। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী পোস্টার ক্রয়	-	৩০,০০০/-	-
২০। বিবিধ ব্যয়	৩,১০০/-	-	১০,০০০/-
২১। মোট রাজস্ব ব্যয়	৩৪,৫৯,৪২৩/-	৫২,৯৫,২১৬/-	১,৫৬,৯৬,৬২০/-
২২। নূন্যতম সমাপ্তি জের			
২৩। রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন হিসেবে স্থানান্তর			
মোট ব্যয় (রাজস্ব হিসাব)			

(শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(মোঃ কামাল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

অংশ-২ উন্নয়ন হিসাব
প্রাপ্তি

প্রাপ্তির বিবরণ	পূর্ববর্তী অর্থ বছরের প্রকৃত (২০১৮-২০১৯)	চলতি অর্থ বছরের বাজেট বা সংশোধিত বাজেট (২০১৯-২০২০)	পরবর্তী বছরের বাজেট (২০২০-২০২১)
১৩) অনুদান (উন্নয়ন) ক. সরকার-এডিপি	৮০,২৮,০০০/-	৮৮,২৪,০০০/-	১,০০,০০,০০০/-
১৪) অন্যান্য উৎস (যদি থাকে)	-	-	
১৫) স্বেচ্ছা প্রণোদিত চাঁদা	-	-	
১৬) রাজস্ব উদ্বৃত্ত	১,৪১,০২,০০০/-	১,৭৫,০০,০০০/-	২,০৫,০০,০০০/-
মোট প্রাপ্ত (উন্নয়ন হিসাব)	২,২১,৩০,০০০/-	২,৬৩,২৪,০০০/-	৩,০৫,০০,০০০/-

২০/৫/২০২০

(শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(মোঃ কামাল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

অংশ-২ উন্নয়ন হিসাব
ব্যয়

ব্যয়				
ব্যয় বিবরণ	ব্যয়ের শতকরা হার	পূর্ববর্তী বৎসরের প্রকৃত ২০১৮-২০১৯	চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট ২০১৯-২০২০	পরবর্তী বৎসরের বাজেট ২০২০-২০২১
১	০২	০৩	০৪	০৫
১। কৃষি ও সেচ	১০-১৫%	৩২,০০,০০০/-	৪১,০০,০০০	৪৫,০০,০০০/-
২। শিল্প ও কুটির শিল্প	৫-৭%	৩,০০,০০০/-	৫,০০,০০০/-	৫,৫০,০০০/-
৩। ভৌত অবকাঠামো	১৫-২৫%	১,৩৬,৭০,০০০/-	১,৫৫,০০,২২০/-	১,৬৭,০০,০০০/-
ক) জনস্বাস্থ্য	১০-১৫%	৪০,০০,০০০/-	৪০,২৪,০০০/-	৪২,০০,০০০/-
৪। আর্থ সামাজিক অবকাঠামো	১০-১৫%	০০	-	-
৫। ক্রীড়া ও সংস্কৃতি	৫-১০%	৫০,০০০/-	৫,০০,০০০/-	৫,০০,০০০/-
৬। বিবিধ(প্রয়োজনে অন্যান্য খাতের সেবা এনরূপ উল্লেখ করিতে হইবে)।	৫-৮%	-	-	-
৭। সেবা	-	-	-	-
৮। শিক্ষা	১০-১৫%	৪,৩০,০০০/-	৬,০০,০০০/-	১০,০০,০০০/-
৯। স্বাস্থ্য	১০-১৫%	-	৪,০০,০০০/-	১০,০০,০০০/-
১০। দারিদ্র হ্রাসকরণঃ সামাজিক নিরাপত্ত ও প্রাতিষ্ঠানিক সহায়তা	১০-১৫%	-	-	২,০০,০০০/-
১১। পল্লী উন্নয়ন ও সমবায়	-	-	-	২,০০,০০০/-
১২। মহিলা, যুব ও শিশু উন্নয়ন	-	৪,০০,০০০/-	-	৩,০০,০০০/-
১৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ	১%	-	-	৪,০০,০০০/-
১৪। মৎস্য ও প্রাণী সম্পদ	৫-১০%	-	-	৩,০০,০০০/-
১৫। সমন্বিত উন্নয়ন উদ্যোগ	-	-	-	৩,০০,০০০/-
১৬। বিবিধ	৫-৮%	৮০,০০০/-	২,০০,০০০/-	৩,০০,০০০/-
১৭। সমাপ্তির জের	-			
মোট ব্যয় (উন্নয়ন হিসাব)	-	২,২১,৩০,০০০/-	২,৫৮,২৪,২২০/-	৩,,০৫,০০,০০০/-

২০/৫/২০২০
(শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(মোঃ কামাল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

ফরম-গ
(বিধি-৫ দ্রষ্টব্য)
উপজেলা পরিষদের নিয়মিত কর্মচারিদের বিবরণী
অর্থ বছর ২০২০-২০২১

বিভাগ/শাখা	ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতনক্রম	মহার্ঘ্য ভাত (যদি থাকে)
০১	০২	০৩	০৪	০৫	০৬
উপজেলা পরিষদ মৌলভীবাজার সদর	০১	সাঁট মুদ্রাক্ষরিক	০১	১০,২০০-২৪,৬৮০/-	-
	০২	গাড়ি চালক	০১	৯,৩০০-২২,৪৯০/-	-

প্রদেয় ভবিষ্যৎ তহবিল	অন্যান্য ভাতাদি	মাসিক গড় অর্থের পরিমাণ	বাৎসরিক প্রক্কলিত অর্থের পরিমাণ	মন্তব্য
০৭	০৮	০৯	১০	১১
উপজেলা পরিষদ মৌলভীবাজার সদর	উৎসব ভাতা, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর ১০,৩২০/-	১৭,১৬৯/-	২,০৬,০২৮/-	-
	গাড়ী চালক ১১,৩২০/-	১৬,৬৬৪/-	১,৯৯,৯৬৮/-	

(শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(মোঃ কামাল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

ফরম ঘ

(বিধি-৫ দ্রষ্টব্য)

উপজেলার কোন বিশেষ প্রকল্প বাস্তবায়নের জন্য সরকার হইতে প্রাপ্ত অর্থের বিবরণী

অর্থ বৎসর ২০২০-২০২১

ক্র: নং	প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণী	সরকার হইতে প্রাপ্ত অর্থের পরিমাণ	চলতি অর্থ বৎসরে ব্যয়িত অথবা সম্ভাব্য ব্যয়ের পরিমাণ	সম্ভাব্য স্থিতি	মন্তব্য
০১	০২	০৩	০৪	০৫	০৬
	জাইকার অর্থায়নে ইজিডিপি প্রকল্পের আওতায় আর্থিক, সক্ষমতা ও অবকাঠামো উন্নয়ন খাত	৫০,০০,০০০/-	৫০,০০,০০০/-		

২০/৫/২০২০

(শরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

(মোঃ কামাল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।